

প্রথম আলো বিনোদন

সংস্কৃতি সংবাদ

শাড়ির মধ্যে জীবনগাঁথা

নিজস্ব প্রতিবেদক। আপডেট: ১০:২১, ফেব্রুয়ারি ১৫, ২০১৫। প্রিন্ট সংস্করণ

নারীর প্রতি সহিংসতা বন্ধে জাতীয় জাহ্নঘর প্রাঙ্গণে মনিকা বোসের পরিবেশনা। ছবি: প্রথম আলোইভ টিজিং করল ছেলেটি, পরক্ষণেই মেয়ে হয়ে গেল সে! এরপর তাকেও টিজ করল আরেকটি ছেলে। এইবার সে বুঝতে পারে, ইভ টিজিং করলে কেমন লাগে! গতকাল শনিবার বিকেলে শাহবাগে জাতীয় জাহ্নঘরের সামনে দেখানো হলো এ রকম একটি পথনাটক। আজকের 'উদ্যমে উত্তরণে শতকোটি'।



এই আন্দোলনে একাত্তর হয়ে আমেরিকান-বাঙালি মনিকা জাহান বোস ১৫৪ হাত একটি শাড়ি শরীরে পেঁচিয়ে 'তারপর শাড়ির মধ্যে জীবনগাঁথা' নামে একটি পরিবেশনাও দেখান। তারই প্রতীকী রূপ তুলে ধরার চেষ্টা করেন মনিকা। মনিকা যখন জাতীয় জাহ্নঘরের মূল ফটক থেকে সেই দীর্ঘ শাড়ি শরীরে জড়িয়ে বাইরে আসতে থাকেন, জাহ্নঘরের গেট পর্যন্ত আসতে আসতে তিনি শাড়িটি সরিয়ে দিতে থাকেন শরীর থেকে। তাঁর পেছন পেছন আসা নারীদের আশ্চর্যপূর্ণ বেঁধে ফেলে সেই শাড়ি। এই প্যাঁচ খোলা আর প্যাঁচের মধ্যে পড়া দিয়েই ফুটে ওঠে সামাজিক কুটিল প্যাঁচে জড়িয়ে পড়ার বিষয়টি। এই পরিবেশনায় বাঙালি নারীর সামাজিক জীবনের নানা গঞ্জনার চিত্র ফুটে ওঠে। নারী নির্যাতনের প্রতিবাদে, সমাজ ও রাষ্ট্রের সর্বস্তরে নারীর সম-অধিকার ও অংশগ্রহণ নিশ্চিত করার আন্দোলনের অংশ এটি। নারীর ওপর বিশ্বব্যাপী চলমান সহিংসতার বিরুদ্ধে বৈশ্বিক এ আন্দোলনের নাম 'ওয়ান বিলিয়ন রাইজিং'। নারীর প্রতি সহিংসতা বন্ধে গত বছরের ১৪ ফেব্রুয়ারি এ আন্দোলন শুরু হয়। সেদিন বিশ্বের ২০৬টি দেশ এর সঙ্গে একাত্তর হয়েছিল। বাংলাদেশে এ আন্দোলনের নাম 'উদ্যমে উত্তরণে শতকোটি'। তাদের উদ্দেশ্য: চিন্তা, দৃষ্টিভঙ্গি ও আচরণ পরিবর্তনের বিপ্লব করা। এই তিনটি বিষয়ে

ইতিবাচক পরিবর্তন এলে নারীর প্রতি আচরণে পরিবর্তন আসবে।

দেশের প্রায় ৬০টির বেশি প্রতিষ্ঠানের কর্মীরা এ আন্দোলনে একাত্তর হয়ে নারী নির্যাতনের বিরুদ্ধে অবস্থান নেওয়ার অঙ্গীকার করেন। অ্যাকশনএইডের কার্ট্রি ডিরেক্টর ফারাহ কবির জানান, নারীর জীবনে কী কী ঘটে, কীভাবে ঘটে সেগুলোই ফুটিয়ে তোলার চেষ্টা করা হয়েছে এই পথনাটক ও অন্যান্য পরিবেশনায়। মানুষকে নারী নির্যাতন সম্পর্কে সচেতন করাই এর উদ্দেশ্য। খুশী কবির জানান, এটি একটি সামাজিক আন্দোলন। নারী নির্যাতন ও নারীর প্রতি বৈষম্য যত দিন না কমবে, তত দিন এ আন্দোলন চলবে। এ আন্দোলনের কর্মী রাকা তাবাসসুম বললেন, 'এই পথনাটকের এটাই প্রথম পরিবেশনা। পরে সারা দেশে এটি ছড়িয়ে দেওয়া হবে। এ আন্দোলনের মাধ্যমে আমরা দেশের ১ বিলিয়ন মানুষকে সচেতন করতে চাই।'

গতকাল বিকেলে শাহবাগে উপস্থিত বহু দর্শক এ পরিবেশনাগুলোয় অংশ নেন।

বিষয়: সংস্কৃতি